

সখী, ভাবনা কাহারে বলে ।
 সখী, যাতনা কাহারে বলে ।
 তোমরা যে বলো দিবস-রজনী 'ভালোবাসা' 'ভালোবাসা'—
 সখী, ভালোবাসা করে কয় !
 সে কি কেবলই যাতনাময় ।
 সে কি কেবলই চোখের জল ? সে কি কেবলই দুখের শ্বাস ?
 লোকে তবে করে কী সুখেরই তরে এমন দুখের আশ ।
 আমার চোখে তো সকলই শোভন,
 সকলই নবীন, সকলই বিমল,
 সুনীল আকাশ, শ্যামল কানন,
 বিশদ জোছনা, কুসুম কোমল— সকলই আমার মতো ।
 তারা কেবলই হাসে, কেবলই গায়,
 হাসিয়া খেলিয়া মরিতে চায়—
 না জানে বেদন, না জানে রোদন, না জানে সাধের যাতনা যত ।
 ফুল সে হাসিতে হাসিতে ঝরে, জোছনা হাসিয়া মিলায়ে যায়,
 হাসিতে হাসিতে আলোকসাগরে আকাশের তারা তেয়াগে কায় ।
 আমার মতন সুখী কে আছে ।
 আয় সখী, আয় আমার কাছে—
 সুখী হৃদয়ের সুখের গান
 শুনিয়া তোদের জুড়াবে প্রাণ ।
 প্রতিদিন যদি কাঁদিবি কেবল একদিন নয় হাসিবি তোরা—
 একদিন নয় বিষাদ ভুলিয়া সকলে মিলিয়া গাহিব মোরা ॥

Parjaay: Natya-geeti, Taal: Ektaal, Raag: Behaag Khambaj
 Visit www.geetabitan.com for notation and other detail